তারিখ 19 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম

সমকাল


চার মন্ত্রীর অভিমত



শিক্ষামন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী



সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী



তথ্যমন্ত্রী

# শিক্ষক লাঞ্ছনাকারীদের শাস্তি পেতেই হবে

**সমকাল প্রতিবেদক**

নারায়ণগঞ্জের পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার ঘটনার তীব্র নিন্দা জানিয়ে সরকারের প্রভাবশালী চার মন্ত্রী বলেছেন, শিক্ষক লাঞ্ছনাকারীদের শাস্তি পেতেই হবে। গতকাল বুধবার দেশের পৃথক স্থানে পৃথক অনুষ্ঠানে তারা এসব কথা বলেন।

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, যত ক্ষমতাধরই হোক, শিক্ষক লাঞ্ছনাকারীদের শাস্তি পেতেই হবে। গতকাল সকালে ফেনী নদীর ওপর ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ধুমঘাট ও মুহুরী সেতু উদ্বোধন করে সাংবাদিকদের তিনি এ কথা জানান। মন্ত্রী আরও বলেন, এটা মোটেও মেনে নেওয়া যায় না। যে শিক্ষককে লাঞ্ছিত করবে তাকে শাস্তি পেতেই হবে, পার পাবেন না।

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চার লেনের কাজ সমাপ্তের পথে জানিয়ে এ সময় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিসেম্বরের আগেই এ সড়কের উদ্বোধন করবেন।

অন্যদিকে, সচিবালয়ের নিজ মন্ত্রণালয়ে সাংবাদিকদের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'এই ঘটনায় দুই সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি সরেজমিন ঘুরে গত মঙ্গলবার রাতে ফিরেছে। তারা প্রতিবেদন জমা দিলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। যে কোনো বিষয়ে পদক্ষেপ নিতে গেলে আমাদের নিয়ম-নীতি, বিধি-বিধান অনুসরণ করতে হয়। প্রতিবেদন পেলে যারা এই ঘটনার সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।'

এ ঘটনার পর শিক্ষা মন্ত্রণালয় জোরালো ভূমিকা নেয়নি বলে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আমরা জোরালো বক্তব্য দিয়েছি। এই ঘটনা অতি নিন্দনীয়, সম্পূর্ণ অগ্রহণযোগ্য। আমাদের সবার জন্য এটা কলঙ্কজনক ঘটনা। একজন শিক্ষকের প্রতি এমন আচরণ কখনও হতে পারে না। তবে পোক্ত করে সিদ্ধান্ত নিতে যতটুকু দরকার ততটুকু সময়ই আমরা নিয়েছি। এখন তদন্ত প্রতিবেদনের অপেক্ষা করছি।'

এর আগেও বিভিন্ন সময়ে শিক্ষক নির্যাতনে ব্যবস্থা নেওয়া হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, 'এ ধরনের বিষয়গুলো শিক্ষা পরিবারে আগেও নানাভাবে ঘটে। সম্প্রতি কুষ্টিয়ায় এক প্রধান শিক্ষক অন্য শিক্ষিকার ওপর নির্যাতন করেছেন, পৃষ্ঠা ১৫ : কলাম ১

## শিক্ষক লাঞ্ছনাকারীদের শাস্তি

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

আমরা সেই বিষয়ে এরই মধ্যে ব্যবস্থা নিয়েছি। সেই শিক্ষকের বিরুদ্ধে মামলা হয়েছে, পরোয়ানাও জারি হয়েছে। তবে আমরাও যে সবক্ষেত্রে পদক্ষেপ নিতে পারি তা নয়, যেগুলো ফৌজদারি ব্যাপার সেগুলোর জন্য আদালতে যেতে হয়।'

এদিকে সিলেটে হজরত শাহজালাল (রহ.) মাজার জিয়ারত শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছনাকারীদের কোনোরকম ছাড় দেওয়া হবে না। নিজের হাতে আইন তোলার অধিকার কারও নেই জানিয়ে মন্ত্রী বলেন, 'যারা আইন নিজের হাতে তুলে নিয়ে এই অপকর্ম করেছে তাদের সরকার এক চুলও ছাড় দেবে না।' তিনি আরও বলেন, 'আমি নারায়ণগঞ্জের ওই শিক্ষককে লাঞ্ছনার ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি।'

নারায়ণগঞ্জে সংসদ সদস্যের উপস্থিতিতে শিক্ষক লাঞ্ছনার ঘটনায় হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেছেন, নারায়ণগঞ্জে যে ঘটনা ঘটেছে তা কারও কাছে কাম্য ছিল না। এ ঘটনায় আমরা বিচলিত ও ব্যথিত। এটি অনাকাঙ্ক্ষিত ঘটনা। মন্ত্রী বলেন, হাইকোর্টের নির্দেশনা এখনও হাতে আসেনি। অপরাধ যে-ই করুক তাদের আইনের আওতায় আনা হবে। নির্দেশনা পাওয়ার পর সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। গতকাল বিকেলে রাজারবাগ পুলিশ লাইন্স কেন্দ্রীয় জামে মসজিদ প্রাঙ্গণে মালিতে ঝড়ের কবলে পড়ে নিহত দুই বাংলাদেশি শান্তিরক্ষীর জানাজা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।